

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
www.dme.gov.bd
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক
টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফটন গার্ডেন
রোড, রমনা, ঢাকা-১০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০৬৫.১৮.৩৯০

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৫

০৯ আগস্ট ২০১৮

বিষয়: ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলাধীন ভৈরবগঞ্জ কেরামতিয়া ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে
বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) ভৈরবগঞ্জ কেরামতিয়া ফাযিল মাদরাসার স্মারক নং-ভৈ,গ,কে,ফা,মা,নব,দা,ভা,নি:২৩/(৫)১৮

তারিখ: ১১.০৪.২০১৮ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, ভৈরবগঞ্জ কেরামতিয়া ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি (জনাব মোহাম্মদ উল্যাহ স্বপন) বি.সি.এস সাধারণ শিক্ষা ক্যাডাবের একজন কর্মকর্তা। তিনি (জনাব মোহাম্মদ উল্যাহ স্বপন) ভোলা সরকারি কলেজ, ভোলা এর ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে। তিনি শিক্ষা উন্নয়নে সরাসরি সরকারি ভাবে জড়িত এবং দীর্ঘ দিন সরকারি কলেজে কাজ করার অভিজ্ঞতার আলোকে বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মোহাম্মদ উল্যাহ স্বপন) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মোহাম্মদ উল্যাহ স্বপন) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, ভৈরবগঞ্জ কেরামতিয়া ফাযিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মোহাম্মদ উল্যাহ স্বপন, ভোলা সরকারি কলেজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক, ভোলা- কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

১৩-৮-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক

ফোন: ০২-৪১০৩০১৬৭

অধ্যক্ষ

ভৈরবগঞ্জ কেরামতিয়া ফাযিল মাদরাসা, ডাক: মুন্সির হাট,

উপজেলা: বোরহানউদ্দিন, জেলা: ভোলা।


স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০৬৫.১৮.৩৯০/১(৫)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৫

০৯ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা
- ২) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।
- ৩) সভাপতি, ভৈরবগঞ্জ কেরামতিয়া ফাযিল মাদরাসা, উপজেলা: বোরহানউদ্দিন, জেলা: ভোলা।
- ৪) অধ্যক্ষ, ভোলা সরকারি কলেজ, ভোলা।
- ৫) জনাব মোহাম্মদ উল্যাহ স্বপন, সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ভোলা সরকারি কলেজ, ভোলা।



১৩-৮-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক